বিজ এর ত্রৈ-মাসিক মুখপত্র

জানুয়ারি, ২০২৬

# মাঠচিত্র

১২৪

BEES QUARTERLY NEWSLETTER

BEES



সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় শীতবস্ত্র বিতরণ
ঘোড়াঘাট, দিনাজপুর।

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)

Working together towards a better future since 1975...

# সম্পাদকীয়

জীবনমান উন্নয়ন ও টেকসই বিশ্ব গড়তে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি বিষয়ে উন্নয়ন ভাবনা আবশ্যক। এই বিষয়গুলোকে মাথায় রেখে বিজ এর ত্রৈমাসিক মুখপত্র মাঠচিত্র সাজানো হয়। এ সংখ্যায় বিজ এর বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী নিয়ে আলোচনা করা হয়েছে। এছাড়াও বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নে বিজ এর বেশ কিছু উদ্যোগের চিত্র তুলে ধরা হয়েছে। বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) প্রতিষ্ঠালগ্ন থেকে নানাবিধ কর্মসূচির মাধ্যমে দরিদ্র মানুষের আর্থসামাজিক উন্নয়নে কাজ করে আসছে। চার দশকের অভিযাত্রায় বিজ মানুষের জীবনমান উন্নয়ন, স্বাস্থ্য উন্নয়নে বদ্ধপরিকর, যা গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়নে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করছে। সমাজের দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষ এই সহায়তা নিয়ে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিজ এর উন্নয়ন কর্মকান্ডের সেসব নিবন্ধ মাঠচিত্রের এ সংখ্যায় প্রকাশিত হল।

(প্রকাশিত প্রবন্ধ সমূহের মতামতের জন্য সম্পাদকবৃন্দ দায়ী নন।)

ইকবাল আহাম্মদ
নির্বাহী পরিচালক, বিজ

প্রধান পৃষ্ঠপোষকঃ
**সাইফুল ইসলাম (রবিন)**
প্রতিষ্ঠাতা ও সিনিয়র অ্যাডভাইজর, বিজ

সম্পাদকঃ
**ইকবাল আহাম্মদ**
নির্বাহী পরিচালক, বিজ

নির্বাহী সম্পাদকঃ
**কাবেরী সুলতানা**
উপ-পরিচালক (রিসার্চ , ডকুমেন্টেশন এন্ড পাবলিকেশন), বিজ


সহকারী সম্পাদকঃ
**রাকিব হাসান সুমন**
অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, বিজ

শিল্প নির্দেশনা ও গ্রাফিক্সঃ
**তাহমিনা আক্তার**
রিসার্চ অফিসার, বিজ
**নূর ফাতিহা তাহিয়াত**
সিনিয়র ম্যানেজার (রিসার্চ), বিজ

## ভিতরে যা যা থাকছে

- তারুণ্যের উৎসব–২০২৫ উপলক্ষে বৃক্ষের চারা ও সবজি বীজ বিতরণ
- বিজ সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় প্রবীণ ভাতা বিতরণ
- কৃষি সম্পাদককে একদিনের প্রশিক্ষণ
- মহান বিজয় দিবসে বিজ’এর নানা আয়োজন
- বান্দুরা শাখার আওতায় শিক্ষা কেন্দ্রের বার্ষিক মূল্যায়ন পরীক্ষা
- নবাবগঞ্জে শিক্ষিকাদের রিফ্রেশার্স প্রশিক্ষণ
- বিজ-এর প্রশিক্ষণ কার্যক্রমে লক্ষ্যমাত্রার চেয়ে বেশি অর্জন
- নবাবগঞ্জে শিশুদের ওজন পরীক্ষা ও চিকিৎসাসেবা
- গাবতলীতে ডায়াবেটিস পরীক্ষা
- কিশোরগঞ্জ ও বগুড়ায় মাতৃস্বাস্থ্য বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম
- বিশ্ব হাত ধোয়া দিবস-২০২৫ উদযাপন
- প্রাথমিক চক্ষু পরীক্ষা,রেজিস্ট্রেশন ও রেফারেল বিষয়ক প্রশিক্ষণ
- সুগার ও অ্যালবুমিন পরীক্ষা
- তারুণ্যের উৎসব-২০২৫” উপলক্ষে বিভিন্ন জেলায় স্বাস্থ্যসেবা কার্যক্রম
- শান্তিগঞ্জে ‘তারুণ্যের উৎসব ২০২৫’ উপলক্ষে পরিচ্ছন্নতা অভিযান
- তারুণ্যের উৎসব–২০২৫ উপলক্ষে শিক্ষার্থীদের বাইসাইকেল বিতরণ
- ঘোড়াঘাটে বিজ-এর উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ
- কৈশোর কর্মসূচির আওতায় গোপালগঞ্জে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

# বিজ-এর কর্ম এলাকা


Working Areas of BEES
Panchagarh
Thakurgaon
Nilfamari
Lalmonirhat
Kurigram
Dinajpur
Rangpur
Gaibandha
Jaipurhat
Sherpur
Naogaon
Bogura
Jamalpur
Netrokona
Sunamganj
Sylhet
Nawabganj
Mymensingh
Rajshahi
Maulvibazar
Natore
Sirajganj
Tangail
Kishoreganj
Habiganj
Gazipur
Narsingdi
Pabna
Kushtia
Manikganj
Dhaka
Brahmanbaria
Meherpur
Rajbari
Narayanganj
Chuadanga
Jhinaidaha
Munshiganj
Magura
Faridpur
Cumilla
Chandpur
Shariatpur
Khagrachari
Jashore
Narail
Madaripur
Gopalganj
Lakshmipur
Feni
Noakhali
Barishal
Shatkhira
Pirojpur
Rangamati
Jhalokati
Bagerhat
Khulna
Bhola
Patuakhali
Chattogram
Borguna
Bandarban
Cox's Bazar
BEES
BEES Head Office
BEES Working Areas
BEES Proposed Areas
Zonal Office
Sub- Zonal Office
Proposed Office








# তারুণ্যের উৎসব–২০২৫ উপলক্ষে বৃক্ষের চারা ও সবজি বীজ বিতরণ

সরকার ঘোষিত "তারুণ্যের উৎসব-২০২৫" উপলক্ষে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর কৃষি কর্মসূচির উদ্যোগে ফলদ বৃক্ষের চারা বিতরণ করা হয়েছে। ১৯ অক্টোবর ২০২৫ থেকে ২ নভেম্বর ২০২৫ পর্যন্ত আয়োজিত এ কর্মসূচির আওতায় গাইবান্ধা, গাজীপুর, নরসিংদী ও ঢাকার বিভিন্ন এলাকায় মোট ৬৫০ জন উপকারভোগীর মাঝে ১,৩০০টি ফলদ গাছের চারা বিতরণ করা হয়। বিতরণকৃত চারার মধ্যে ছিল আম, আমড়া, কাঁঠাল ও পেয়ারা। প্রতিটি উপকারভোগীকে একটি আম গাছের চারা এবং এর সঙ্গে একটি আমড়া/কাঁঠাল/পেয়ারা গাছের চারা বিনামূল্যে প্রদান করা হয়।

এ কর্মসূচির আওতায় গাইবান্ধা জেলার পলাশবাড়ী ও গোবিন্দগঞ্জ, গাজীপুর জেলার সদর উপজেলার ভাওয়াল মির্জাপুর, নরসিংদী জেলার পলাশ এবং ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার বান্দুরা এলাকায় চারা বিতরণ করা হয়।



এছাড়াও বিজ চারটি জেলার ছয়টি উপজেলায় বসতভিটায় শীতকালীন সবজি চাষে উৎসাহ দিতে ৩,৪৮১টি কৃষক পরিবারের মাঝে বিনামূল্যে সবজি বীজ বিতরণ করা হয়েছে। গত ১৯ অক্টোবর থেকে ২ নভেম্বর, ২০২৫ পর্যন্ত আয়োজিত এ কর্মসূচির আওতায় গাইবান্ধা জেলার পলাশবাড়ী ও সদর (ধাপেরহাট), গাজীপুর জেলার সদর উপজেলার ভাওয়াল মির্জাপুর, নরসিংদী সদর এবং ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার বান্দুরা এলাকায় বীজ বিতরণ কার্যক্রম পরিচালিত হয়।

বিতরণকৃত বীজের মধ্যে ছিল মিষ্টি কুমড়া, লাউ, শিম, লাল শাক, পুঁই শাক ও গাজরসহ বিভিন্ন শীতকালীন সবজি। নির্ধারিত ৩,৫০০ কৃষক পরিবারের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩,৪৮১ জন উপকারভোগীর কাছে সফলভাবে বীজ পৌঁছে দেওয়া হয়।

এ কার্যক্রমে সংশ্লিষ্ট উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাসহ বিজ-এর জোনাল ম্যানেজার, প্রোগ্রাম ম্যানেজার, সাব-জোনাল ম্যানেজার, কমপ্লায়েন্স অফিসার, ব্রাঞ্চ ম্যানেজার ও প্রোগ্রাম সাপোর্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর কৃষি কর্মসূচির এই উদ্যোগ 'বসতভিটায় সবজি চাষ' পারিবারিক পুষ্টি চাহিদা পূরণ, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, পতিত জমির কার্যকর ব্যবহার এবং পারিবারিক আয় বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। পাশাপাশি এই কর্মসূচির আওতায় রাসায়নিক সার ও কীটনাশকমুক্ত নিরাপদ সবজি উৎপাদনে কৃষকদের উদ্বুদ্ধ করা হয়।




# বিজ সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় প্রবীণ ভাতা বিতরণ

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় ৩৫ জন অসহায় প্রবীণের মাঝে প্রতিমাসে ৫০০টাকা করে প্রবীণ ভাতা প্রদান করা হয়। তারই ধারাবাহিকতায় গত ৩০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে বান্দুরা শাখা অফিসে প্রবীণদের মাঝে ভাতা প্রদান করা হয়।

উপকারভোগীরা জানান, এ সহায়তা তাদের দৈনন্দিন জীবনের ব্যয় নির্বাহে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। স্থানীয়ভাবে বিজ এর সামাজিক সুরক্ষা কার্যক্রম সরকারি ও বেসরকারি মহলে প্রশংসিত হয়েছে এবং কর্ম এলাকায় যথেষ্ট সুনাম অর্জন করছে।

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর সামাজিক সুরক্ষা কর্মসূচির এই উদ্যোগ ভবিষ্যতেও দরিদ্র, অসহায় জনগোষ্ঠীর কল্যাণে এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে এবং ক্রমান্বয়ে তা বিজ এর বিভিন্ন কর্ম এলাকায় আরও প্রসার লাভ করবে বলে জানান সংশ্লিষ্ট কর্মকর্তাগণ।



# কৃষি সম্পাদকদের একদিনের প্রশিক্ষণ

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর কৃষি কর্মসূচির আওতায় সমিতি অফিসের কৃষি সম্পাদকদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২৪-৩০ নভেম্বর ২০২৫ মাসে একদিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

২০২৫–২০২৬ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী আয়োজিত এ প্রশিক্ষণে বিজ-এর ছয়টি কর্ম এলাকায় বিভিন্ন সমিতি অফিস থেকে মোট ৩০০ জন কৃষি সম্পাদক অংশগ্রহণ করেন। প্রশিক্ষণগুলো গাইবান্ধার পলাশবাড়ী, ধাপেরহাট ও গোবিন্দগঞ্জ, গাজীপুরের ভাওয়াল মির্জাপুর, নরসিংদী সদর এবং ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার বান্দুরা এলাকায় অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণে কৃষি কর্মসূচির মৌলিক বিষয়সমূহ, আদর্শ কৃষক পরিবার উন্নয়ন, বসতভিটায় কৃষিকাজ, পতিত জমি ব্যবহারের কৌশল, সবজি ও ফসল উৎপাদন, জলবায়ু পরিবর্তন ও অভিযোজন, জৈব সার উৎপাদন ও ব্যবহার, মাছ চাষ, গবাদিপশু ও পোলট্রি ব্যবস্থাপনা এবং স্থানীয়ভাবে সবজি বীজ উৎপাদন ও সংরক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

কর্মসূচিতে বিজ-এর জোনাল ও সাব-জোনাল ম্যানেজার, প্রোগ্রাম ম্যানেজার (কৃষি), কমপ্লায়েন্স অফিসার এবং সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকরা উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ সহায়ক হিসেবে বিজ-এর কৃষি বিভাগের প্রোগ্রাম সাপোর্ট অফিসাররা দায়িত্ব পালন করেন।

বিজ এর এই প্রশিক্ষণের মাধ্যমে কৃষি সম্পাদকরা মাঠপর্যায়ে বিজ-এর কৃষি কর্মসূচি বাস্তবায়নে আরও কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবেন। একই সঙ্গে এটি কৃষি উৎপাদন বৃদ্ধি, পরিবেশবান্ধব চর্চা ও টেকসই জীবিকায়ন জোরদারে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশা প্রকাশ করা হয়।



# মহান বিজয় দিবসে বিজ'এর নানা আয়োজন



## নবাবগঞ্জে সাংস্কৃতিক আয়োজন

মহান বিজয় দিবস উপলক্ষে গত ১৬ই ডিসেম্বর নবাবগঞ্জ উপজেলার নয়নশ্রী, বান্দুরা, বারোয়াখালী ও কুসুমহাটি ইউনিয়নে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) পরিচালিত বৈকালিক শিক্ষা কেন্দ্রের উদ্যোগে আলোচনা সভা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানটি শান্তিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে অংশগ্রহণ করেন সংশ্লিষ্ট সকল শিক্ষা কেন্দ্রের ছাত্র-ছাত্রী, শিক্ষকবৃন্দ, শান্তিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, নবাবগঞ্জ সাব-জোনের জোনাল ম্যানেজার, বান্দুরা ব্রাঞ্চের ম্যানেজার এবং শিক্ষার্থীদের অভিভাবকরা।

আলোচনা পর্বে মহান বিজয় দিবসের তাৎপর্য, স্বাধীনতার ইতিহাস এবং মুক্তিযুদ্ধের চেতনা সম্পর্কে শিক্ষার্থীদের সামনে বিস্তারিত আলোচনা করা হয়। বক্তারা নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের আদর্শে উদ্বুদ্ধ হওয়ার আহ্বান জানান।

পরবর্তীতে ১৬টি শিক্ষা কেন্দ্রের শিক্ষার্থীদের সমন্বয়ে চিত্রাঙ্কন ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায়।

অনুষ্ঠানের শেষপর্বে বিজের সাব-জোনাল ম্যানেজার ও অন্যান্য অতিথিবৃন্দের উপস্থিতিতে বিজয়ীদের মাঝে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের পুরস্কার বিতরণ করা হয়।



## শান্তিগঞ্জে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা

মহান বিজয় দিবস ২০২৫ উপলক্ষে শান্তিগঞ্জ উপজেলার জয়কলস ইউনিয়নে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) পরিচালিত শিবপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়েছে। অনুষ্ঠানে শিবপুরসহ আশপাশের সকল বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষকবৃন্দ এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।



আলোচনা পর্বে মহান বিজয় দিবসের তাৎপর্য, স্বাধীনতার ইতিহাস এবং মুক্তিযুদ্ধের চেতনা সম্পর্কে শিক্ষার্থীদের সামনে বিস্তারিত আলোচনা করা হয়। পরবর্তীতে ৮টি বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে বিদ্যালয়ের এসএমসি কমিটির সভাপতি, প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দের উপস্থিতিতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

দিবসটি উপলক্ষে বক্তারা বলেন, এ ধরনের আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের জ্ঞানের পরিধি বৃদ্ধি পায় এবং তারা দেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ সম্পর্কে সম্যক ধারণা লাভ করে।

শিবপুর বিদ্যালয়ে মহান বিজয় দিবস উদযাপনের উদ্যোগ গ্রহণ করায় ইউনিয়নের চেয়ারম্যান, এসএমসি কমিটির সভাপতি, বিদ্যালয়ের ভূমিদাতা এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ বিজ কর্তৃপক্ষ কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

# বান্দুরা শাখার আওতায় বিজ শিক্ষা কেন্দ্রের শিক্ষার্থীদের বার্ষিক মূল্যায়ন



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) পরিচালিত নবাবগঞ্জ উপজেলার বান্দুরা শাখা অফিসের আওতায় ১৬টি শিক্ষা কেন্দ্রের মোট ৩৮২ জন ছাত্র-ছাত্রীর বার্ষিক মূল্যায়ন পরীক্ষা ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখে রাধাকান্তপুর প্রাইমারী বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। পরীক্ষায় পরীক্ষকের দায়িত্ব পালন করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব রাম প্রসাদ সরকার এবং সহকারী শিক্ষক জনাব ওমর ফারুক। দুই ঘণ্টাব্যাপী এ মূল্যায়ন পরীক্ষা অত্যন্ত শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে সম্পন্ন হয়। পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উপস্থিতি ও শৃঙ্খলা সন্তোষজনক ছিল।

বিজ শিক্ষা কর্মসূচির আওতায় এ ধরনের মূল্যায়ন শিক্ষার্থীদের অগ্রগতি নিরূপণের পাশাপাশি শিক্ষকদের মাঝেও প্রতিযোগিতামূলক মনোভাব তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

---

# নবাবগঞ্জে শিক্ষিকাদের রিফ্রেশার্স প্রশিক্ষণ



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর শিক্ষা কর্মসূচির আওতায় নবাবগঞ্জ উপজেলার বান্দুরা শাখার আওতায় খানেপুর শিক্ষা কেন্দ্রে ১৬টি শিক্ষা কেন্দ্রের শিক্ষিকাদের নিয়ে একদিনব্যাপী রিফ্রেশার্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ২৩ অক্টোবর ২০২৫ তারিখে আয়োজিত এ প্রশিক্ষণে সকল শিক্ষিকার স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ লক্ষ্য করা যায়। প্রশিক্ষণ পরিচালনা করেন শান্তিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব বিমল চন্দ্র ভৌমিক এবং খানেপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মফজেল হোসেন। প্রশিক্ষণে পাঠদানের কৌশল, শ্রেণি ব্যবস্থাপনা এবং শিক্ষার্থীদের অংশগ্রহণমূলক শিক্ষা নিশ্চিত করার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।

আয়োজকরা জানান, এ ধরনের প্রশিক্ষণ শিক্ষা কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকরভাবে পরিচালনায় শিক্ষিকাদের সহায়ক ভূমিকা পালন করবে।

প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী শিক্ষিকারা ভবিষ্যতে এ ধরনের প্রশিক্ষণ দুই দিন মেয়াদি করার আগ্রহ প্রকাশ করেন, যাতে তারা আরও বিস্তারিতভাবে নতুন পদ্ধতি ও দক্ষতা অর্জনের সুযোগ পান।





# বিজ-এর প্রশিক্ষণ কার্যক্রমে লক্ষ্যমাত্রার চেয়ে বেশি অর্জন





বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ কার্যক্রমে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। বিজ প্রশিক্ষণ বিভাগ থেকে প্রকাশিত অক্টোবর-ডিসেম্বর ২০২৫ সময়কালের প্রশিক্ষণ প্রতিবেদনে দেখা যায়, বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে নির্ধারিত লক্ষ্যমাত্রার তুলনায় অধিকসংখ্যক অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, সমিতি অফিস পরিচালনা ও ব্যবস্থাপনা বিষয়ক ফাউন্ডেশন প্রশিক্ষণে অর্ধবার্ষিক লক্ষ্যমাত্রা ছিল ৪৮০ জন, যেখানে অংশগ্রহণ করেছেন ৫৪৯ জন। হিসাব পরিচালনা ও ব্যবস্থাপনা ফাউন্ডেশন প্রশিক্ষণে লক্ষ্যমাত্রা ১০০ জনের বিপরীতে ১১৯ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

এছাড়া মাঠ পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রমে নির্ধারিত ১,২০০ জনের লক্ষ্যমাত্রার বিপরীতে ১,৫৫৫ জন অংশগ্রহণ করেছেন, যা লক্ষ্যমাত্রার ১২৯ শতাংশ। অনলাইন জুম প্রশিক্ষণেও ব্যাপক সাড়া পাওয়া গেছে। এ খাতে লক্ষ্যমাত্রা ছিল ১,২০০ জন, কিন্তু অংশগ্রহণ করেন ২,৬৫৮ জন, যা লক্ষ্যমাত্রার ২২১ শতাংশ।

প্রতিবেদন অনুযায়ী, চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে বিভিন্ন ধরনের প্রশিক্ষণে মোট ৪,৯৬০ জন অংশগ্রহণ করেছেন, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার ১৫৮ শতাংশ অর্জন।

বিজ প্রশিক্ষণ বিভাগ কর্তৃপক্ষ জানিয়েছে, দক্ষ মানবসম্পদ তৈরি, মাঠপর্যায়ের কার্যক্রম শক্তিশালী করা এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে এ ধরনের প্রশিক্ষণ কর্মসূচি নিয়মিতভাবে পরিচালনা করা হচ্ছে। আগামী ছয় মাসেও বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে।



# নবাবগঞ্জে শিশুদের ওজন পরীক্ষা ও চিকিৎসাসেবা

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার বান্দুরা শাখা অফিসে ১২ অক্টোবর, ২০২৫ তারিখে স্ট্যাটিক ক্লিনিক পরিচালনা করা হয়েছে যেখানে শিশুদের ওজন পরীক্ষা, পুষ্টি পরামর্শ ও প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করেন কমিউনিটি হেলথ অফিসার কামরুন্নাহার।

বিজ স্বাস্থ্য কর্মসূচির আওতায় শিশু স্বাস্থ্য সেবার অংশ হিসেবে শিশুদের বৃদ্ধি পর্যবেক্ষণ, রোগ নির্ণয় এবং প্রাথমিক চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় পুষ্টি পরামর্শ প্রদান শিশুমৃত্যু রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

এছাড়া বিজ এ ধরনের স্বাস্থ্যসেবা কার্যক্রমের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি এবং প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করছে।



**বিজ স্বাস্থ্য কর্মসূচি**

# গাবতলীতে ডায়াবেটিস পরীক্ষা

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর বগুড়া জেলার গাবতলী উপজেলার পীরগাছা শাখা অফিসের আওতাধীন বেলতলা গ্রামের মহিলা সমিতি অফিসে ১৮ নভেম্বর, ২০২৫ তারিখে স্যাটেলাইট ক্লিনিক অনুষ্ঠিত হয়েছে। স্যাটেলাইট ক্লিনিকে আগত গর্ভবতী মা স্মৃতিরানীসহ মোট ১৮ জন রোগীর ডায়াবেটিস ও বিভিন্ন রোগের পরামর্শ প্রদান করেন কমিউনিটি হেলথ অফিসার মোছাঃ আফরোজা আক্তার। বিজ এর নিয়মিত স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে সদস্যদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা হচ্ছে,যা গ্রামীণ জনগোষ্ঠীর স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি, ডায়াবেটিস ও বিভিন্ন রোগ প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

# কিশোরগঞ্জ ও বগুড়ায় মাতৃস্বাস্থ্য বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম

বিজ এর স্বাস্থ্য কর্মসূচির আওতায় কিশোরগঞ্জ ও বগুড়া জেলায় মাতৃস্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হয়েছে।

কিশোরগঞ্জ জেলার ভৈরব শাখা অফিসের আওতাধীন কালীপুর মহিলা সমিতি অফিসে ২৭ নভেম্বর ২০২৫ তারিখে স্ট্যাটিক ক্লিনিকে উঠান বৈঠকের মাধ্যমে প্রসবপরবর্তী মা ও নবজাতকের যত্ন বিষয়ে আলোচনা করেন কমিউনিটি হেলথ অফিসার শিউলী বেগম। এ সময় মা ও নবজাতকের পুষ্টি, পরিচর্যা, স্বাস্থ্যবিধি এবং সতর্কতা বিষয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান করা হয়।অন্যদিকে বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার শাহজাহানপুর শাখা অফিসের আওতাধীন কামারপাড়া মহিলা সমিতি অফিসে ২৮ অক্টোবর ২০২৫ তারিখে স্ট্যাটিক ক্লিনিকে গর্ভবতী মায়ের বিপদ চিহ্ন বিষয়ে একটি বিসিসি (BCC) সেশন অনুষ্ঠিত হয়। সেশনে আলোচনা করেন কমিউনিটি হেলথ অফিসার মোছাঃ সারমীন আখতার। তিনি গর্ভাবস্থায় ঝুঁকিপূর্ণ লক্ষণসমূহ চিহ্নিত করা এবং সময়মতো চিকিৎসা গ্রহণের গুরুত্ব তুলে ধরেন।





# বিশ্ব হাত ধোয়া দিবস-২০২৫ উদযাপন

জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস-২০২৫ উপলক্ষে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর অংশগ্রহণে গাইবান্ধা, বগুড়া ও নরসিংদী জেলায় নানা কর্মসূচির আয়োজন করা হয়।

১৫ অক্টোবর ২০২৫ তারিখে বগুড়া জেলা প্রশাসকের কার্যালয়ে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চৌধুরী মোয়াজ্জম আহমদ, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা; অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ রেদুয়ানুল হালিম; জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী প্রকৌশলী মোঃ সায়হান আলী এবং বিজের জোনাল ম্যানেজার, ব্রাঞ্চ ম্যানেজার ও ফিল্ড অফিসারগণ। এছাড়াও গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার ডাকুনী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৮ অক্টোবর ২০২৫ তারিখে হাত ধোয়া প্রদর্শনী ও অনুশীলন কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক জনাব আমিনুল ইসলাম, সহকারী শিক্ষকবৃন্দ, সাব-জোনাল ম্যানেজার মোঃ মোজহারুল ইসলাম, ব্রাঞ্চ ম্যানেজার মোঃ শফিকুল ইসলাম বাদল এবং ফিল্ড অফিসার মোঃ লাল মিয়া। শিক্ষার্থীদের সঠিক নিয়মে হাত ধোয়ার পদ্ধতি প্রদর্শন ও অনুশীলন করানো হয়।

অন্যদিকে ৩০ অক্টোবর ২০২৫ তারিখে নরসিংদী জেলা প্রশাসকের কার্যালয়ে বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন মোহাম্মদ আনোয়ার হোসাইন, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী; অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আবু তাহের মোঃ শামছুজ্জামান; এবং জনস্বাস্থ্য বিভাগের নির্বাহী প্রকৌশলী মোঃ রেজওয়ান হোসেন।

বক্তারা বলেন, হাত ধোয়ার সঠিক অভ্যাস গড়ে তোলা হলে ডায়রিয়া, জন্ডিস ও নিউমোনিয়াসহ বিভিন্ন সংক্রামক রোগ প্রতিরোধ সম্ভব। সচেতনতা বৃদ্ধি এবং স্বাস্থ্যসম্মত স্যানিটেশন নিশ্চিত করতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।



# প্রাথমিক চক্ষু পরীক্ষা,রেজিস্ট্রেশন ও রেফারেল বিষয়ক প্রশিক্ষণ

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) স্বাস্থ্য কর্মসূচির আওতায় অরবিস ইন্টারন্যাশনাল ও পিকেএসএফ এর উদ্যোগে 'চোখের ছানি অপারেশন কার্যক্রম' প্রকল্পের প্রাথমিক চক্ষু পরীক্ষা, রেজিস্ট্রেশন ও রেফারেল বিষয়ক এক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।



২০ ডিসেম্বর ২০২৫ তারিখে গাইবান্ধা, বগুড়া-২ ও বগুড়া জোনের আওতাধীন বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার মোকামতলা শাখা অফিসে এ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে কমিউনিটি হেলথ অফিসারগণ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে প্রাথমিক চক্ষু পরীক্ষা পদ্ধতি, রোগী নিবন্ধন প্রক্রিয়া এবং জটিল রোগীকে যথাযথভাবে রেফার করার কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা ও ব্যবহারিক নির্দেশনা প্রদান করা হয়। এ সময় উপস্থিত ছিলেন সিনিয়র জোনাল ম্যানেজার জনাব মোঃ মিজানুর রহমান। তিনি বলেন, এ ধরনের প্রশিক্ষণ মাঠপর্যায়ে স্বাস্থ্যসেবার মানোন্নয়ন ও দ্রুত সেবা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ভবিষ্যতেও স্বাস্থ্যকর্মীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এ ধরনের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত থাকবে।

# সুগার ও অ্যালবুমিন পরীক্ষা



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর গাজীপুর জেলার ভাওয়াল মির্জাপুর শাখা অফিসের আওতাধীন বাঁশমার্কেট মহিলা সমিতি অফিসে ২৫ নভেম্বর ২০২৫ তারিখে স্যাটেলাইট ক্লিনিক অনুষ্ঠিত হয়েছে। ক্লিনিকে আগত প্রবীণ রোগীদের রক্তে সুগার ও গর্ভবতী মায়েদের প্রসাবে অ্যালবুমিন পরীক্ষা করেন কমিউনিটি হেলথ অফিসার রিনা আক্তার। এ সময় অন্যান্য উপকারভোগীদেরও প্রয়োজনীয় স্বাস্থ্যপরামর্শ প্রদান করা হয়।

বিজ এর উদ্যোগে এই সকল স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে ডায়াবেটিস ও অন্যান্য রোগের জটিলতা প্রতিরোধে প্রাথমিক পর্যায়ে পরীক্ষা ও সচেতনতা কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

# “তারুণ্যের উৎসব-২০২৫” উপলক্ষে বিভিন্ন জেলায় স্বাস্থ্যসেবা কার্যক্রম




“তারুণ্যের উৎসব-২০২৫” উপলক্ষে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর উদ্যোগে দেশের বিভিন্ন জেলায় স্যাটেলাইট ক্লিনিক, স্ট্যাটিক ক্লিনিক ও স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে।

বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার পিরব শাখা অফিসের আওতাধীন চাপাচিল মহিলা সমিতি অফিসে ২৮ অক্টোবর ২০২৫ তারিখে স্যাটেলাইট ক্লিনিকে কিশোরী ও সাধারণ রোগের চিকিৎসাসেবা প্রদান করেন কমিউনিটি হেলথ অফিসার মোছাঃ রেবেনা খাতুন।

কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলার ভৈরব-১ শাখার আওতাধীন মাহামুদাবাদ মহিলা সমিতি অফিসে ২৩ অক্টোবর ২০২৫ তারিখে স্যাটেলাইট ক্লিনিকে শিশু জাফরীন জাহানের শ্বাসকষ্ট নিরূপণ করেন কমিউনিটি হেলথ অফিসার শিউলী বেগম।

ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার বাংলাবাজার শাখার আওতাধীন তাশুল্যা উচ্চ বিদ্যালয়ে ২২ অক্টোবর ২০২৫ তারিখে আয়োজিত স্বাস্থ্য ক্যাম্পে চিকিৎসাসেবা প্রদান করেন মেডিসিন বিশেষজ্ঞ ডা. এসএম নাজমুল বাশার এবং গাইনি বিশেষজ্ঞ ডা. ইমা বিনতে ইউনূস। একই ক্যাম্পে আগত রোগীদের শারীরিক পরীক্ষা করেন বিজ স্বাস্থ্য কর্মসূচির স্বাস্থ্য পরিদর্শকগণ। এছাড়াও বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার গুজিয়া শাখার আওতাধীন আলাদিপুর মহিলা সমিতি অফিসে ২২ অক্টোবর ২০২৫ তারিখে স্ট্যাটিক ক্লিনিকে সভানেত্রী জান্নাতি বেগমের বাড়িতে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা করেন কমিউনিটি হেলথ অফিসার কেয়া রানী সাহা ও মোছাঃ আফরোজা বেগম। নরসিংদী জেলার বারৈচা শাখার আওতাধীন বারৈচা মহিলা সমিতি অফিসে ২০ অক্টোবর ২০২৫ তারিখে বিনামূল্যে ডায়াবেটিক পরীক্ষা পরিচালনা করেন কমিউনিটি হেলথ অফিসার সাবেকুন্নাহার (ইমা) ও শিউলী বেগম।

অন্যদিকে ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার বাংলাবাজার শাখার আওতাধীন আফজালনগর মহিলা সমিতি অফিসে ২৩ অক্টোবর ২০২৫ তারিখে ডায়াবেটিক পরীক্ষা ক্যাম্পে পরীক্ষা পরিচালনা করেন কমিউনিটি হেলথ অফিসার কামরুন্নাহার ও স্বাস্থ্য পরিদর্শক শিল্পী আক্তার।




“তারুণ্যের উৎসব-২০২৫” উপলক্ষে আয়োজিত এ স্বাস্থ্যসেবা কার্যক্রমের মাধ্যমে কিশোর-কিশোরী ও সাধারণ জনগণের মাঝে স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধি এবং প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করা সম্ভব হয়েছে। ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে বলে বিজ স্বাস্থ্য কর্মসূচির সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন।



# শান্তিগঞ্জে 'তারুণ্যের উৎসব ২০২৫' উপলক্ষে পরিচ্ছন্নতা অভিযান

সুনামগঞ্জের শান্তিগঞ্জ উপজেলায় 'তারুণ্যের উৎসব ২০২৫' উপলক্ষে বাংলাদেশ এক্সটেনশন সার্ভিসেস (বিজ) পরিচালিত ৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পরিচ্ছন্নতা অভিযান পরিচালিত হয়েছে।

উৎসবের অংশ হিসেবে গত ২ নভেম্বর ২০২৫ পর্যন্ত এসব প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালিত হয়।

এ সময় শিক্ষার্থীরা নিজ নিজ বিদ্যালয় প্রাঙ্গণ, শ্রেণিকক্ষ ও আশপাশের পরিবেশ পরিচ্ছন্ন রাখতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। শিক্ষক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের তত্ত্বাবধানে পরিচালিত এ কার্যক্রম শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

'তারুণ্যের উৎসব ২০২৫'-এর এ ধরনের উদ্যোগ তরুণ প্রজন্মকে সামাজিক দায়িত্ববোধ ও পরিচ্ছন্নতার গুরুত্ব সম্পর্কে সচেতন করে তুলতে সহায়ক হবে।







# তারুণ্যের উৎসব–২০২৫ উপলক্ষে শিক্ষার্থীদের বাইসাইকেল বিতরণ





তারুণ্যের উৎসব–২০২৫ উদযাপন উপলক্ষে সুনামগঞ্জের শান্তিগঞ্জ উপজেলা পরিষদ প্রাঙ্গণে শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ করা হয়েছে।

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) পরিচালিত ৮টি বিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের উপস্থিতিতে আয়োজিত অনুষ্ঠানে শান্তিগঞ্জ উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব সুকান্ত সাহা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ৮টি বিদ্যালয়ের ৮ জন মেয়ে শিক্ষার্থীর হাতে ৮টি বাইসাইকেল তুলে দেন। বাইসাইকেল পেয়ে শিক্ষার্থীরা অত্যন্ত আনন্দিত হয় এবং তাদের অভিভাবকরাও এ উদ্যোগের জন্য বিজ কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। উপস্থিত বক্তারা বলেন, এ ধরনের উদ্যোগ শিক্ষার্থীদের বিদ্যালয়ে যাতায়াত সহজ করবে এবং তাদের নিয়মিত শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণে উৎসাহিত করবে।

অনুষ্ঠানে বিদ্যালয়গুলোর শিক্ষক, অভিভাবক, স্কুল ম্যানেজিং কমিটির (এসএমসি) সদস্যবৃন্দ এবং বিজ শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচির প্রোগ্রাম অফিসারসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

# ঘোড়াঘাটে বিজ-এর উদ্যোগে শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ




বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)-এর শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলায় অসহায় ও শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা হয়েছে।

গত ২৯ ডিসেম্বর ২০২৫ তারিখে ঘোড়াঘাট বিজ শাখা অফিসের মাঠ প্রাঙ্গণে আয়োজিত এ কর্মসূচিতে উপজেলার অসহায়, দুস্থ, প্রতিবন্ধী এবং আদিবাসীসহ মোট ২০০ জন শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঘোড়াঘাট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিনিধি ও উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ আফজাল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার মোঃ মাসুদ রানা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাইবান্ধা জোনের জোনাল ম্যানেজার মোঃ শেখ মনির। এ সময় আরও উপস্থিত ছিলেন গাইবান্ধা জোনের কমপ্লায়েন্স অফিসার আহসান হাবীব, পলাশবাড়ি সাব-জোনের সাব-জোনাল ম্যানেজার মোঃ মোজাহারুল ইসলাম, ঘোড়াঘাট শাখার ম্যানেজারসহ বিজ-এর বিভিন্ন কর্মসূচির কর্মকর্তাবৃন্দ, স্থানীয় গণমাধ্যমকর্মী এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিজ শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচির ম্যানেজার আনোয়ার জাহিদ।

পবিত্র কুরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। তেলাওয়াত করেন বিজ ঘোড়াঘাট শাখার কর্মকর্তা মোঃ আমির হোসেন। পরে সভাপতির উদ্বোধনী বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়।

অনুষ্ঠানে বক্তারা বলেন, শীতপ্রবণ অঞ্চলে অসহায় মানুষের পাশে দাঁড়ানো একটি মানবিক দায়িত্ব। বিজ দীর্ঘদিন ধরে সমাজের সুবিধাবঞ্চিত মানুষের জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে। এ ধরনের উদ্যোগ শীতার্ত মানুষের কষ্ট লাঘবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

পরে প্রধান অতিথি ও বিশেষ অতিথির উপস্থিতিতে ১৭৬টি অসহায় ও দুস্থ পরিবার, ৯টি প্রতিবন্ধী পরিবার এবং ১৫টি আদিবাসী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পরিবারসহ মোট ২০০ জনের মাঝে কম্বল বিতরণ করা হয়। শেষে অনুষ্ঠানের সভাপতি মোঃ শেখ মনির উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে কর্মসূচির সমাপ্তি ঘোষণা করেন।







# কৈশোর কর্মসূচির আওতায় গোপালগঞ্জে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা















বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর যৌথ অর্থায়নে পরিচালিত কৈশোর কর্মসূচির আওতায় গোপালগঞ্জ সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে কিশোর-কিশোরীদের অংশগ্রহণে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

গত ৩১ অক্টোবর পাইককান্দী, ৭ নভেম্বর মাঝিগাতী, ১১ নভেম্বর উলপুর এবং ২৯ ডিসেম্বর বোড়াশী ইউনিয়নে ইউনিয়ন পর্যায়ে দিনব্যাপী এসব প্রতিযোগিতার আয়োজন করা হয়। সংশ্লিষ্ট ইউনিয়নের নয়টি ওয়ার্ডের কিশোর-কিশোরী ক্লাবের সদস্যরা এতে অংশগ্রহণ করে।বাঁশবাড়ী ঘোষগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয়, সুলতানশাহী কেকানিয়া উচ্চ বিদ্যালয়, দশপল্লী নেছার উদ্দীন খান উচ্চ বিদ্যালয় এবং উলপুর পূর্ণচন্দ্র উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত এসব আয়োজনে কবিতা আবৃত্তি, প্রবন্ধ লেখা, ইনডোর আর্ম রেসলিংসহ বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

পাশাপাশি কিশোরীদের জন্য ৫০ মিটার ও ৭৫ মিটার দৌড়, ২০০ মিটার দ্রুতগতির সাইকেল চালানো এবং কিশোরদের জন্য ১০০ মিটার দৌড়, ২৫০ মিটার দ্রুতগতির সাইকেল চালানো ও হ্যান্ডবল প্রতিযোগিতাও আয়োজন করা হয়।

দিনব্যাপী আয়োজনে কিশোর-কিশোরীরা ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে বিভিন্ন ইভেন্টে অংশ নিয়ে নিজেদের প্রতিভা প্রদর্শনের সুযোগ পায়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানগুলোর সার্বিক তত্ত্বাবধান ও পরিচালনার দায়িত্ব পালন করেন মোঃ মামুনুর রশিদ, উপজেলা প্রোগ্রাম অফিসার, কৈশোর কর্মসূচি, বিজ, গোপালগঞ্জ।

বিজ এর এ ধরনের আয়োজন কিশোর-কিশোরীদের আত্মবিশ্বাস বৃদ্ধি, নেতৃত্বের বিকাশ, শারীরিক সক্ষমতা উন্নয়ন এবং সুস্থ সাংস্কৃতিক চর্চা গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



## মাঠচিত্রের পরবর্তী সংখ্যার জন্য লেখা আহ্বান

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর সকল কর্মকর্তার কাছ থেকে তথ্যসমৃদ্ধ সাম্প্রতিক খবরাদি, প্রাসঙ্গিক ছবি, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, ঋণের সহায়তা, সাফল্যগাঁথা এবং উন্নয়ন ভাবনা বিষয়ক লেখা আহ্বান করা যাচ্ছে। আপনাদের লেখার মধ্য দিয়েই বিজ এর সফল কর্মকান্ড আমরা পাঠকদের কাছে উপস্থাপন করতে পারবো। এছাড়া সকল বিভাগীয় প্রধানদের সংশ্লিষ্ট বিভাগের সংবাদ ছবিসহ নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

ইমেইলঃ researchdocumentation@beesbd.org
ফোনঃ +৮৮০২ ২২২২৬২৬৫৩, ২২২২৮৯৭৩২, ২২২২৮৯৭৩৩




**বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)**
বাড়ি # ৮/বি, রোড#২৯, গুলশান-১, ঢাকা, বাংলাদেশ.
টেলিফোন: +8802-222289732-3, +8802-226601535-9
ই-মেইল: info@beesbd.org, beesbd@gmail.com, ওয়েবসাইট: beesbd.org